# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২
www.dgda.gov.bd

স্মারক নং ডিজিডিএ/২৯-২/০৯/১৩৭৩৩ তারিখঃ ০২/১০/২০১৭

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, "ড্রাগ এ্যাক্ট ১৯৪০" এর ১৮ (সি) ধারা, Drugs (Control) (Amendment) Act, 2006 এর ৫(বি) ধারা এবং ঔষধ (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ৫(১) এবং বেঙ্গল ড্রাগ রুলস ১৯৪৬ এর ৩৩ ধারাসমূহ লঙ্ঘনের দায়ে অনুচ্ছেদ ক এর ক্রমিক নং-০১ এ বর্ণিত প্রতিষ্ঠানটির উৎপাদন লাইসেন্স বাতিল করা হইয়াছে। ঔষধ (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৮২ এর ১৫ এবং "দি বেঙ্গল ড্রাগ রুলস ১৯৪৬" এর ৩৭(এ, বি এবং সি) ধারা লঙ্ঘনের দায়ে অনুচ্ছেদ ক এর ক্রমিক নং-০২ এ বর্ণিত প্রতিষ্ঠানটির উৎপাদন লাইসেন্স সাময়িক বাতিল করা হয়েছে এবং ঔষধ (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৮২ এর ১৫(২) ধারা লঙ্ঘনের দায়ে অনুচ্ছেদ ক এর ক্রমিক নং-০৩ এ বর্ণিত প্রতিষ্ঠানটির উৎপাদন লাইসেন্স সাময়িক বাতিল করা হয়েছে।

ইহা ছাড়া অনুচ্ছেদ খ এ বর্ণিত ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত লাইসেন্সভুক্ত পদসমূহ সরকারি বিশ্লেষক, মহাখালী, ঢাকা কর্তৃক মানবহির্ভুত ঘোষিত হওয়ায় পদসমূহের রেজিস্ট্রেশন সাময়িক বাতিল করা হইয়াছে এবং অনুচ্ছেদ-খ এর ০৯ এ বর্ণিত পদটি প্রতিষ্ঠানের আবেদনের পরিপ্রেক্ষিতে সাময়িক বাতিল করা হইয়াছে।

সূত্রে বর্ণিত তারিখ হইতে সাময়িক বাতিল/বাতিলকৃত লাইসেন্সের আওতায় কোন প্রকার ঔষধ এবং রেজিস্ট্রেশন সাময়িক বাতিলকৃত ঔষধসমূহ উৎপাদন, মওজুদ, বিক্রয়, বিতরণ ও প্রদর্শন করা যাইবে না। সম্মানিত চিকিৎসকবৃন্দকে উল্লেখিত ঔষধসমূহের ব্যবস্থাপত্র প্রদান হইতে বিরত থাকিবার জন্য এবং জনসাধারণকে ঔষধসমূহ ব্যবহার না করিবার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল।

ক) ঔষধ উৎপাদন লাইসেন্স বাতিল ও সাময়িক বাতিলঃ

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | গৃহীত ব্যবস্থাদি |
|---|---|---|---|
| ১। | মেসার্স ফাস্ট ফার্মাসিউটিক্যালস (আয়ুর্বেদিক) | প্লট নং-এ/১০, বিসিক ময়মনসিংহ। | ঔষধ উৎপাদন লাইসেন্স নং-আয়ূ-০২৪ বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/আয়ু-৩৭/৮৪/৬৫৯৪, তারিখঃ ১৪/০৫/২০১৭। |
| ২। | মেসার্স বারাকাত হার্বালস ইউনানী | রাজগঞ্জ বাজার, বেগমগঞ্জ, নোয়াখালী | ঔষধ উৎপাদন লাইসেন্স নং-ইউ-০৯২ সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/ইউ-১২২/৮৪/১০৮৩৫, তারিখঃ ০৬/০৮/২০১৭। |
| ৩। | মেসার্স প্যারেন্ট (ইউনানী) ল্যাবরেটরীজ | প্লট নং-২৫ বিসিক শিল্পনগরী, কাঁচপুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ। | ঔষধ উৎপাদন লাইসেন্স নং-ইউ-৩০৩ সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/ইউ-৩০৩/১১/৭৫৭৪, তারিখঃ ০৪/০৬/২০১৭। |

খ) ঔষধের রেজিস্ট্রেশন সাময়িকভাবে বাতিলঃ

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | | ঔষধের বাণিজ্যিক নাম | জেনেরিক নাম, ব্যাচ ও ডিএআর নং | গৃহীত ব্যবস্থাদি |
|---|---|---|---|---|---|
| ১। | মেসার্স রেফকো ফার্মাসিউটিক্যালস্ লিঃ, মথুরানাথ পাবলিক স্কুল রোড, নতুন বাজার, বরিশাল। | ১। | Dexamet Tablet | Dexamethasone BP 0.5 mg, Batch-510, DAR No-047-60-50 | সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/এমএল-০৪৭/০৬/৫৮৪৮, তারিখঃ ২৫/০৪/২০১৭। |
| ২। | সীমা ফার্মাসিউটিক্যালস লিঃ, শহীদ কোর্ট, ফুলবাড়িয়া, সাভার, ঢাকা। | ১। | Cipro-S Tablet | Ciprofloxacin-500mg, Batch-160401, DAR No-171-97-60 | সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/এসএস-১৭১/৯৯/৭৫৩৮, তারিখঃ ০১/০৬/২০১৭। |
| ৩। | মেসার্স ঔষধী ল্যাবরেটরীজ (আয়ুর্বেদিক), ১২৮/১, বিরপুর, নরসিংদী। | ১। | ওইয়াং-ডিএস ট্যাবলেট | রতি বিলাস ব্যাচ এবিজেপি-০০৫ ডিএআর-নং-আয়ু-১১৫-এ-০১৯ | সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/আয়ু-১১৫/৮৪/৯২৮৩, তারিখঃ ০৬/০৭/২০১৭। |
| ৪। | মেসার্স একরাম ল্যাবরেটরীজ (আয়ুর্বেদিক), শ্যামপুর, হেমায়েতপুর, সাভার, ঢাকা। | ১। | এমিডেক্স ক্যাপসুল | রতি বিলাস ব্যাচ-০২ ডিএআর-নং-আয়ু-১০২-এ-০২৮ | সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/আয়ু-১১৫/৮৪/৯২৮৫, তারিখঃ ০৬/০৭/২০১৭। |
| ৫। | মেসার্স বিগো ফার্মাসিউটিক্যালস্ (আয়ুর্বেদিক), ৫৮/৩৬/৮/১, উত্তর মুগদাপাড়া, ঢাকা। | ১। | বিগো পাওয়ার ক্যাপসুল | ১। যৌবন শতদল ব্যাচ-৮৮১১১০০০১০৮২০১৮ (ব্লিস্টার), ০২১৬১৯ (প্যাক) ডিএআর-নং-আয়ু-৯৩-এ-০১৯ | সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/ আয়ু-৯৩/১৮৪/১০১৫৯, তারিখঃ ২৩/০৭/২০১৭। |
| | | ২। | হরমো-বি তরল | ২। অশ্বগন্ধারিষ্ট ব্যাচ-০১১৭১৪ ডিএআর-নং-আয়ু-৯৩-এ-০১৬ | |
| ৬। | মেসার্স এবি-ফার্মাসিউটিক্যালস (আয়ুর্বেদিক), ভাটারা, বাড্ডা, ঢাকা। | ১। | যুব প্লাস ক্যাপসুল | যৌবন শতদল ব্যাচ-এবিজেপি-০১ ডিএআর-নং-আয়ু-৪৬-এ-০১৫ | সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/আয়ু-৪৬/৮৪/১০২৬০, তারিখঃ ২৬/০৭/২০১৭। |
| ৭। | মেসার্স ইউনিক ল্যাবরেটরীজ (ইউনানী), পুরাতন ভাড়ালিয়া, আটিবাজার, কেরানীগঞ্জ, ঢাকা। | ১। | জেভরিন ক্যাপসুল | হাব্বে মুমসিক ব্যাচ-০০৩ ডিএআর-নং-ইউ-১৬৭-এ-০১৭ | সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/ইউ-১৬৭/১৩/৯২৩২, তারিখঃ ০৫/০৭/২০১৭। |
| | | ২। | ইউনিসিন সিরাপ | জিনসিন ব্যাচ-০০৬ ডিএআর-নং-ইউ-১৬৭-এ-০১১ | |
| ৮। | মেসার্স নোভারিন ফার্মাসিউটিক্যালস্ (ইউনানী), উল্লাপাড়া, সিরাজগঞ্জ | ১। | নিশাতিন ক্যাপসুল | হাবের নিশাত ব্যাচ-০১ ০১১৭ ডিএআর-নং-ইউ-৭১-এ-০১০ | সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/ইউ-৭১/২০১০/৯২২৯, তারিখঃ ০৫/০৭/২০১৭। |
| ৯। | মেসার্স হাডসন ফার্মাসিউটিক্যালস লিঃ, তেলিরচালা মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর। | ১। | Venium 10mg Tablet | Clobazam BP 10mg, DAR No-165-26-09 | সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/এমএল-১৬৫/১২/১০৪২৪, তারিখঃ ৩০/০৭/২০১৭। |

**মেজর জেনারেল মোঃ মোস্তাফিজুর রহমান**
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
এবং
লাইসেন্সিং অথরিটি (ড্রাগস)
ফোনঃ ৯৮৮০৮০৩
ই-মেইলঃ dgda.gov@gmail.com

জিডি-২০৬৫

---

# অফিস বাড়ি ভাড়ার বিজ্ঞপ্তি

এতদ্বারা সম্মানিত বাড়ির মালিকগণের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সিদ্ধিরগঞ্জ বিভাগীয় দপ্তর ও এর অধীন সিদ্ধিরগঞ্জ, হিরাঝিল, মৌচাক ও জালকুড়ি সার্কেলসহ মোট ০৫ (পাঁচ)টি অফিসের কার্যক্রম পরিচালনার জন্য ১০০০০ হতে ১২০০০ বর্গফুট আয়তনের অফিস বাড়ি ভাড়া নেয়ার জন্য টেন্ডার আহ্বান করা হচ্ছে। আগ্রহী বাড়ির মালিকগণকে উল্লেখিত সীমার মধ্যেকার আয়তনের বাড়ি ভাড়া দেওয়ার লক্ষ্যে আগামী ১০/১০/২০১৭খ্রিঃ তারিখ সকাল ১২.০০ ঘটিকার মধ্যে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সিদ্ধিরগঞ্জ বিভাগীয় দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। দরপত্র গ্রহণ/বাতিল করার সকল এখতিয়ার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

**বিভাগীয় কর্মকর্তা**
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, সিদ্ধিরগঞ্জ বিভাগ,
৩৪৬, হাজী রফিক সড়ক, সাহেবপাড়া (পার্ক পলিটেকনিক ইনস্টিটিউট সংলগ্ন), সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ
ফোন নংঃ ৭৬৯৩১৫৪

জিডি-২০৭০ E-mail: siddirgonjdivision@gmail.com

---

# ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

স্মারক নং- রেজি/শিক্ষা-১/২৩৯০১-সি

তারিখঃ ১৯ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ / ৪ অক্টোবর, ২০১৭খ্রিঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর অর্থায়নে এবং শর্তাধীনে মুক্তিযুদ্ধ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভাগসমূহের পিএইচ.ডি গবেষকদের ২টি **"বঙ্গবন্ধু পিএইচ.ডি ছাত্র বৃত্তি"** প্রদান করা হবে। এ লক্ষ্যে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পিএইচ.ডি গবেষকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নির্ধারিত ফরম রেজিস্ট্রারের অফিস (কক্ষ নং-৩২৩) থেকে ০৪/১০/২০১৭ তারিখ থেকে ০২/১১/২০১৭ তারিখ পর্যন্ত সংগ্রহ করা এবং জমা দেয়া যাবে।

### বৃত্তির শর্তাবলীঃ

গবেষণা কর্মটির বিষয়বস্তু ও পরিধি অবশ্যই মুক্তিযুদ্ধ ভিত্তিক হতে হবে। গবেষককে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা/সামাজিক বিজ্ঞান অনুষদে যে কোন বিভাগে পিএইচ.ডি. প্রোগ্রামে গবেষণারত হতে হবে। পিএইচ.ডি প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত যে সকল প্রার্থীদের আবেদন রেজিস্ট্রেশনের জন্য প্রক্রিয়াধীন আছে তাঁরাও এই বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

১. পিএইচ.ডি গবেষণা বৃত্তি সর্বোচ্চ ৩ বছরের জন্য প্রদান করা হবে।
২. গবেষণা বৃত্তি প্রতিমাসে প্রত্যেক গবেষককে ২০ হাজার টাকা এবং গবেষণা কাজে অন্যান্য সহায়তা হিসেবে সর্বোচ্চ ৩৫,০০০/- টাকা প্রদান করা হবে।
৩. পিএইচ.ডি গবেষণা বৃত্তির জন্য আবেদনকারীদের মধ্যে (চাকুরীরত প্রার্থীদেরকে) পূর্ণকালীন ছুটি গ্রহণকারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

**রেজিস্ট্রার**
ঢাকা বিশ্ববিদ্যালয়

জিডি-২০৭২

---

# Institute of Modern Languages

University of Dhaka

## Appointment Notice

Applications in prescribed form, obtainable on working days at the Office of the Registrar, University of Dhaka, are invited from Bangladeshi nationals for the following post:

**Lecturer in French Language:** 1 (Permanent Post)

**National Pay Scale 2015:** Tk 22,000-53,060/- plus allowances as admissible under the University rules.

**Minimum Qualifications:** Candidates must have first class or in case of CGPA 3.50 out of 4.00 both in Honours and in Master's degree in French Language or Linguistics/Applied Linguistics/Education or any relevant subject with minimum first division or GPA/CGPA 4.25 out of 5.00 both in SSC and HSC or equivalent Examinations. Preference may be given to those who have experience of teaching French in a recognized Institution. The candidate must have passed at least higher Diploma or an equivalent certificate course in French language.

If candidates with above qualifications are not available, the conditions may be relaxed. Other qualifications being equal preference may be given to those who have higher degree.

Eight copies of application together with attested copies of certificates, testimonials, mark-sheets along with a Bank Draft/Pay Order of the value of Tk. 750/- (seven hundred fifty) (non-refundable) payable to the Registrar, University of Dhaka should be submitted to the Director, Institute of Modern Languages, University of Dhaka on or before 29 October 2017. Candidates currently in service must apply through proper channel.

GD-2076 **Director**

---

# ঢাকা বিশ্ববিদ্যালয়

## ভূগোল ও পরিবেশ বিভাগ

**ArcGIS 1 : Fundamentals on GIS**
**Basic GIS Workflow**
**ভর্তি বিজ্ঞপ্তি**

কোর্সের সময়কাল ঃ ৫০ ঘণ্টা
আসন সংখ্যা ঃ ৩০ টি
ভর্তির শেষ তারিখ ঃ ২৬ অক্টোবর ২০১৭
ক্লাশ শুরু তারিখ ঃ ২৭ অক্টোবর ২০১৭
ক্লাশের সময় ঃ শুক্রবার (৩:৩০ - ৮:০০) ও শনিবার (৩:০০ - ৭:৩০)
বিস্তারিত যোগাযোগ ঃ ফেসবুক ঃ gistraining.du, ওয়েবসাইট ঃ geoenv.du.ac.bd/gis-rs-lab
অফিস ঃ ০১৮১৩০৮৫০৮৩, ০১৯১৩০৯৩৩০৮ এবং ০১৮৬৫৮৯৮৫৩৫
কোর্স সমন্বয়কারী ঃ সহযোগী অধ্যাপক মোহাম্মদ সফি উল্যাহ, মোবাইল ঃ ০১৫৫২৪২৪৫২৩, ০১৭১১৭০৫৬৬৬

অধ্যাপক ড. হাফিজা খাতুন
চেয়ারপার্সন

GD - 2073

---

# Government of the People's Republic of Bangladesh

Office of the Executive Engineer
PWD Division, Pirojpur
ফোনঃ ০৪৬১-৬২৪২৭/ফ্যাক্সঃ ৬৩৪৩৭
email: ee_peroj@pwd.gov.bd

Ref: 4-51/1877 Date: 04/10/2017

## 1st Corrigendum for Re-Tender No. 01/2017-2018

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র দপ্তর স্মারক নং-৪-৫১/১৬৩১ তারিখঃ ০৯/০৮/২০১৭খ্রিঃ মোতাবেক আহ্বানকৃত পুনঃ দরপত্র নং-০১/২০১৭-১৮খ্রিঃ, কাজের নামঃ Construction of 8-storied Chief Judicial Magistrate Court Building with 12-storied foundation in/c Civil, Sanitary and Electrification Works at Pirojpur under the Project "Construction of Chief Judicial Magistrate Court Building of 64 District Headquarter in Bangladesh 1st Phase (2nd Revised)" মহামান্য হাইকোর্ট এর স্থগিতাদেশের কারণে অত্র দপ্তর স্মারক নং-৪-৫১/১৭৭১ তারিখঃ ১১/০৯/২০১৭খ্রিঃ মোতাবেক দরপত্রের পরবর্তী কার্যক্রম স্থগিত করা হইয়াছিল। বর্তমানে মহামান্য সুপ্রীম কোর্ট এর আপীল বিভাগ কর্তৃক উক্ত আদেশের উপর স্থগিতাদেশ জারি করায় নিম্নোক্ত তফসিল মোতাবেক উক্ত দরপত্রের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হইবে।

| Tender Notice Sl. No. | As per tender notice | | Amendment | |
|---|---|---|---|---|
| 11. | Tender last selling date | 17/09/2017 at 5:00pm | Tender last selling date | 15/10/2017 at 5:00pm |
| 12. | Tender submission date and time | 18/09/2017 at 12:00 noon | Tender submission date and time | 16/10/2017 at 12:00 noon |
| 13. | Tender opening date and time | 18/09/2017 at 3:00pm | Tender opening date and time | 16/10/2017 at 3:00pm |

All other terms and conditions of the abovementioned tender notice will remain unchanged. This corrigendum notice will be a part & parcel of the tender notice.

**Shafiqul Islam**
Executive Engineer
PWD Division, Pirojpur

GD-2078

---

# ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং-১৩৮/২০১৭

তারিখঃ ১৮ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ / ০৩ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত সোনালী ব্যাংক লিমিটেড ও জনতা ব্যাংক লিমিটেড এ **'উর্ধ্বতন কর্মকর্তা (আইটি/আইসিটি)'** এর যথাক্রমে ৮৫টি ও ৬৮টিসহ মোট **১৫৩ (একশত তেপ্পান্ন)**টি শূন্য পদে (কম/বেশি হতে পারে) নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতির জন্য নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

০১। বেতন স্কেল ঃ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০... ... -৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।

০২। শিক্ষাগত যোগ্যতা ঃ
(ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/পদার্থ/ফলিত পদার্থ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।
(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২ (দুই)টিতে প্রথম বিভাগ/শ্রেণী থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।
(গ) কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না।
(ঘ) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ-এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবেঃ
(১) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০-এর কম | দ্বিতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণী/ বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/ শ্রেণী |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০-এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/শ্রেণী |

৩। বয়স (০১/১০/২০১৭ তারিখে)ঃ (ক) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।
(খ) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

৪। আগ্রহী প্রার্থীদেরকে ১৮/১০/২০১৭ তারিখ পর্যন্ত শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (www.erecruitment.bb.org.bd)-এর Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।
৫। 'O' Level ও 'A' Level পাস হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রি প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের (শ্রেণী/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।
৬। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।
৭। দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। Online এ আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
৮। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লেখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা প্রদান করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
৯। চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৮ নং ক্রমিকে উল্লেখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
১০। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
১১। প্রার্থীদের ১০০ নম্বরের MCQ, ২০০ নম্বরের লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১২। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
১৩। Online আবেদনে প্রার্থীগণকে ব্যাংকের পছন্দের ক্রম নির্ধারণ করতে হবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণকে তাদের Online আবেদনে উল্লেখিত পছন্দের ক্রম অনুসারে সংশ্লিষ্ট ব্যাংকে পদায়ন করা হবে।
১৪। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।
১৫। সংশ্লিষ্ট ব্যাংকসমূহ প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

ব্যাংকিং ও আর্থিক সেবা পেতে হয়রানির শিকার হলে কিংবা কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন

**মোঃ মোশাররফ হোসেন খান**
মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য-সচিব, বিএসসি

ডিসিপিঃ ৪৮/২০১৭-৩১৮৯
তারিখঃ ৪-১০-২০১৭
জিডি-২০৭৭